

শীঘ্রই কৃষ্ণনগর শহরে বিনামূল্যে ওয়াইফাই পরিষেবা

বিএনএ, কৃষ্ণনগর: কৃষ্ণনগর শহরে বিনামূল্যে ওয়াইফাই পরিষেবা শুরু হতে চলেছে। কৃষ্ণনগর পুরসভার তরফে এই ওয়াইফাই পরিষেবা দেওয়া হবে। আগামী দু'এক দিনের মধ্যেই এই পরিষেবা চালু হয়ে যাবে। পুরসভা সূত্রে জানা গিয়েছে, শহরের মতীতলা থেকে এডি স্কুল মোড় এবং সদরের মোড় থেকে পোস্ট অফিস মোড় হয়ে মিউনিসিপ্যালিটি মোড় পর্যন্ত ওয়াইফাই পরিষেবা মিলবে। আনলিমিটেড

ইন্টারনেট ব্যবহার করতে পারবেন শহরবাসী। ওয়াইফাই কানেক্টের জন্য কোনও পাসওয়ার্ড লাগবে না। মূলত ছাত্রছাত্রীদের জন্য ওয়াইফাই পরিষেবা দেওয়া হচ্ছে বলে পুরসভার কর্তারা জানান। তবে যে কেউ এই পরিষেবা নিতে পারবেন। পুরসভার চেয়ারম্যান অসীম সাহা বলেন, শহরবাসীর জন্য সুখবর। দু'এক দিনের মধ্যেই ওয়াইফাই পরিষেবা চালু হয়ে যাবে। ক্রম গতিতে কাজ চলছে।

২০১৬-'১৭ আর্থিক বছর শেষ হতে চললেও

১৬/৯/১৯

বর্তমান ৬ ৯ ফেব্রুয়ারী ২০১৭

